

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১.১৮.০৪.১৪/১৭

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ।  
২০ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, রজাকপুর, নওগাঁ পরিদর্শন প্রতিবেদন

১। গত ০১/১১/২০১৯ তারিখে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, রজাকপুর, নওগাঁ পরিদর্শন করি। পরিদর্শনকালে জনাব মোঃ মাহবুবুল ইসলাম, প্রকল্প পরিচালক, বিদ্যমান ৭ টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের উন্নয়ন ও নতুন ৬টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প, জনাব মোঃ আব্দুর রকিব, প্রকল্প পরিচালক, শহীদকামরুজ্জামান টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প, বিভাগীয় উপ-পরিচালক জনাব মোঃ আসাদুজ্জামান সুপারিনটেনডেন্ট, শিক্ষক মন্ডলী, অন্যান্য কর্মচারী এবং ছাত্র/ছাত্রীরা উপস্থিত ছিলেন। পরিদর্শনের দিন প্রতিষ্ঠানটিতে পরীক্ষা অনুষ্ঠিত হয়, পরীক্ষার্থীদের উপস্থিতি সন্তোষজনক প্রতীয়মান হয়েছে।

২। জনবল পরিস্থিতি

প্রতিষ্ঠানটিতে অনুমোদিত পদ ১৫ টি, ১৩ জন শিক্ষক কর্মচারী কর্মরত আছেন। এর মধ্যে ১জন সহকারী শিক্ষক (ভাষা) টিভিআই, বগুড়াতে সংযুক্তিতে আছেন, সহকারী শিক্ষক (বিজ্ঞান) সপ্তাহে তিন দিন পীরগঞ্জ কলেজে ক্লাস নেন, ১জন টেইলার মাস্টার ও ১জন টেকনিক্যাল এ্যাসিস্টেন্ট টিভিআই, টাংগাইলে সংযুক্তিতে আছেন, ১জন অফিস সহকারী টিভিআই, গাইবান্ধায় সংযুক্তিতে আছেন এবং ৪ জন আউট সোর্সিং এ কর্মরত আছেন।

৩। ভবন ও স্থাপনা

প্রতিষ্ঠানটি ২০০৬ সালে স্থাপিত ও নিজস্ব ভবনে পরিচালিত হচ্ছে। বোর্ড পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে দেখলাম। পরীক্ষার পরিবেশ ভাল। মেশিনপত্র যত্নসহকারে ব্যবহার করতে হবে। আজিনাসহ সকলক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।

৪। ছাত্র/ছাত্রী

প্রতিষ্ঠানটিতে ২০১৯ সালে নবম ও দশম শ্রেণীতে ভর্তিকৃত মোট ৯৮ জন শিক্ষার্থীর মধ্যে ছাত্র ৬১ জন ও ছাত্রী ৩৭ জন। টেক্সটাইল ভোকেশনালে ছাত্রী ভর্তির হার অত্যন্ত কম। স্থানীয় ভাবে প্রচার প্রচারণা করা হলে ভবিষ্যতে ছাত্রী ভর্তি হার বৃদ্ধি পাবে।

৫। গত ৫ বৎসরে প্রতিষ্ঠানটির এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকৃত ছাত্র/ছাত্রীদের সংখ্যা ও পাশের হারঃ

| সন   | পরীক্ষার্থী সংখ্যা |        |     | পাশের সংখ্যা        |              | পাশের হার |
|------|--------------------|--------|-----|---------------------|--------------|-----------|
|      | ছাত্র              | ছাত্রী | মোট | পরীক্ষার্থীর সংখ্যা | পাশের সংখ্যা |           |
| ২০১৫ | ২৫                 | ১০     | ৩৫  | ২৯                  | ২২           | ৭৬%       |
| ২০১৬ | ৪৭                 | ১০     | ৫৭  | ৫৮                  | ৫৬           | ৯৭%       |
| ২০১৭ | ৪৫                 | ০৬     | ৫০  | ৪৭                  | ৪৬           | ৯৮%       |
| ২০১৮ | ৩৯                 | ১৪     | ৫৩  | ৪৫                  | ৪১           | ৯১%       |